

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মদীনায় সংবাদ প্রাপ্তি (وصول خبر الاستعداد في المدينة)

কুরায়েশ নেতাদের এই ব্যাপক যুদ্ধ প্রস্তুতির খবর রাসূল (ছাঃ)-এর চাচা আববাস বিন আব্দুল মুত্ত্বালিব (যিনি তখনো প্রকাশ্যে মুসলমান হননি) একজন বিশ্বস্ত পত্রবাহকের মাধ্যমে দ্রুত মদীনায় পাঠিয়ে দেন এবং তাতে তিনি সবকিছুর বিস্তারিত বিবরণ জানিয়ে দেন। ৪৬০ কিলোমিটার রাস্তা মাত্র তিনদিনে অতিক্রম করে পত্রবাহক সরাসরি গিয়ে রাসূল (ছাঃ)-এর হাতে পত্রটি পোঁছে দেয়। তিনি তখন ক্লোবায় অবস্থান করছিলেন। উবাই ইবনু কা'ব (রাঃ) পত্রটি রাসূল (ছাঃ)-কে পাঠ করে শুনান। তিনি উবাইকে পত্র প্রাপ্তির বিষয়টি গোপন রাখতে বলেন ও দ্রুতে মদীনায় এসে মুহাজির ও আনছার নেতৃবৃদ্দের সঙ্গে পরামর্শ বৈঠকে বসেন। অন্যদিকে মদীনার চারপাশে পাহারা দাঁড় করানো হ'ল। স্বয়ং রাসূল (ছাঃ)-এর দ্বাররক্ষী হিসাবে রাত্রি জেগে পাহারা দেবার জন্য আউস নেতা সা'দ বিন মু'আয, খাযরাজ নেতা সা'দ বিন ওবাদাহ এবং উসায়েদ বিন হুযায়ের প্রমুখ আনছার নেতৃবৃদ্দ নিজেদেরকে নিয়োজিত করলেন। চারদিকে গোয়েন্দা প্রেরণ করা হ'ল মাক্কী বাহিনীর অগ্রযাত্রার খবর নেওয়ার জন্য। গোয়েন্দাগণ নিয়মিতভাবে রাসূল (ছাঃ)-এর নিকটে তাদের খবর পোঁছে দিতে থাকেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5438

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন